# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১২৭৩

১৪/ ক্রয় বিক্রয় (كتاب البيوع عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ ক্রেতা-বিক্রেতায় যখন মতবিরোধ ঘটে।

باب مَا جَاءَ إِذَا اخْتَلَفَ الْبَيِّعَانِ

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ، حَدَّثَنَا سُفْيَانُ، عَنِ ابْنِ عَجْلاَنَ، عَنْ عَوْنِ بْنِ عَبْدِ اللَّهِ، عَنِ ابْنِ مَسْعُودٍ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " إِذَا اخْتَلَفَ الْبَيِّعَانِ فَالْقَوْلُ قَوْلُ الْبَائِعِ وَالْمُبْتَاعُ بِالْخِيَارِ " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ مُرْسَلٌ عَوْنُ بْنُ عَبْدِ اللَّهِ لَمْ يُدْرِكِ ابْنَ مَسْعُودٍ . وَقَدْ رُوِيَ عَنِ الْقَاسِمِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ عَنِ ابْنِ مَسْعُودٍ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم هَذَا الْحَدِيثُ أَيْضًا وَهُوَ مُرْسَلٌ أَيْضًا . قَالَ أَبُو عِيسَى قَالَ إِسْحَاقُ بْنُ مَنْصُورٍ قُلْتُ لأَحْمَدَ إِذَا اخْتَلَفَ الْبَيِّعَانِ وَلَمْ تَكُنْ بَيِّنَةٌ قَالَ الْقَوْلُ مَا قَالَ رَبُّ السِّلْعَةِ أَوْ يَتَرَادَّانِ . قَالَ إِسْحَاقُ كَمَا قَالَ وَكُلُّ مَنْ كَانَ الْقَوْلُ قَوْلَهُ فَعَلَيْهِ الْيَمِينُ . قَالَ أَبُو عِيسَى هَكَذَا رُوِيَ عَنْ بَعْضِ أَهْلِ الْعِلْمِ مِنَ التَّابِعِينَ مِنْهُمْ شُرَيْحٌ وَغَيْرُهُ نَحْوُ هَذَا .

বাংলা

১২৭৩. কুতায়বা (রহঃ) ...... ইবনু মাসঊদ রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, তিনি বলেন, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, ক্রেতা এবং বিক্রেতার মাঝে মতবিরোধ হলে বিক্রেতার কথাই গ্রহণীয়, আর ক্রেতার থাকবে (গ্রহণ করা না করার) ইখতিয়ার। - ইরওয়া ১৩২২, ১৩২৪, তিরমিজী হাদিস নম্বরঃ ১২৭০ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, এ হাদীসটি মুরসাল। রাবী আওন ইবনু আবদুল্লাহ্ ইবনু মাসঊদ রাদিয়াল্লাহু আনহু-এর যুগ পান নি। কাসিম ইবনু আবদুর রহমানের বরাতে ইবনু মাসঊদ রাদিয়াল্লাহু আনহু নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সূত্রে এ হাদীসটি বর্ণিত আছে। কিন্তু তাও মুরসাল। ইসহাক ইবনু মানসূর (রহঃ) বলেন, আমি আহমাদ (রহঃ) -কে বললাম, ক্রেতা এবং বিক্রেতার মাঝে যদি মতবিরোধ হয় আর কোন সাক্ষী যদি না থাকে (তার কি করা হবে?) তিনি বললেন, পণ্য-মালিকের কথাই গ্রহণীয় হবে বা তারা উভয়ে এ লেন-দেন প্রত্যাহার করবে। ইসহাক (রহঃ)-ও তদ্রুপ কথা বলেছেন। যার কথা গ্রহণীয় সব ক্ষেত্রেই তার উপর কসম আরোপিত হবে। শুরায়হ (রহঃ) সহ কোন কোন তাবিঈ থেকেও অনুরূপ অভিমত বর্ণিত আছে।

## English

Narrated Ibn Mas'ud:

That the Messenger of Allah (ﷺ) said: "When the two parties (in a deal) disagree then the seller's statement is taken as valid, and the purchaser retains the option."

[Abu 'Eisa said:] This Hadith is Mursal. 'Awn bin 'Abdullah did not see Ibn Mas'ud. This Hadith has also been reported from Al-Qasim bin 'Abdur-Rahman, from Ibn Mas'ud from the Prophet (ﷺ). But it also Mursal.

[Abu 'Eisa said:] Ishaq bin Mansur said: "I said to Ahmad: what if when the two parties disagree and there is no proof (what is done)?' He said: 'The saying of the owner of the merchandise is taken as valid or they both refuse.' And Ishaq said as he did, and that in every case where his saying is taken, he must swear.'"

[Abu 'Eisa said:] Similar to this has been reported from some of the people of knowledge among the Tabi'in, Shuraih is among those.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্‌ন মাসঊদ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=21691

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন